

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
(পোর-৩ অধিশাখা)

www.mohfw.gov.bd, www.hsd.gov.bd

নং-৪৫.১৪৪.০৮০.০০.০০১.২০১৭-২১৫

তারিখ: ১৯.০৩.২০২০ খ্রি:


বিষয়: বিসিএস (স্বাস্থ্য) ক্যাডার/স্বাস্থ্য সার্ভিসের কর্মকর্তাদের জুনিয়র কনসালটেন্ট পদে পদোন্নতির নিমিত্তে দরখাস্ত আহবান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জুনিয়র কনসালটেন্ট পদে পদোন্নতির লক্ষ্যে স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক ০১/১০/২০১৯ খ্রিৎ তারিখ হতে ০৬/১১/২০১৯ খ্রিৎ তারিখ পর্যন্ত অনলাইনে আবেদন এবং হার্ডকপি গ্রহণ করা হয়। উক্ত সময়ের মধ্যে অনেক কর্মকর্তা আবেদন করতে পারেন নাই। উক্ত তারিখের অল্প কিছুদিন পর অনেক কর্মকর্তা উচ্চতর/ডিপ্লোমা ডিপ্লোমা অর্জন করেছেন এবং সিনিয়র ক্ষেত্রে পরিষ্কার উত্তীর্ণ হয়েছেন। এসকল কর্মকর্তার আবেদন করার পুনঃ সুযোগ প্রদানের জন্য স্বাস্থ্য সেবা বিভাগ হতে উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

যেসকল কর্মকর্তা পূর্বে আবেদন করতে পারেন নাই, তাঁদেরকে আগামী ২৯/০৩/২০২০ খ্রিৎ তারিখের মধ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মাধ্যমে অনলাইনে আবেদন এবং ৩১/০৩/২০২০ খ্রিৎ তারিখে মধ্যে আবেদনসহ সকল প্রকার কাগজপত্রাদির হার্ডকপি স্বাস্থ্য অধিদপ্তরের সংশ্লিষ্ট শাখায় জমা দেওয়ার জন্য অনুরোধ করা হলো। উক্ত তারিখের পর আর সময় বৃক্ষি করা হবে না।

উল্লেখ্য, স্বাস্থ্য অধিদপ্তর হতে প্রাপ্ত তালিকা ১৬.০৩.২০২০ খ্রিৎ তারিখে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হয়। উক্ত তালিকায় যাদের নাম অন্তর্ভুক্ত আছে, তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

[বিঃদ্রঃ শুধুমাত্র নির্দিষ্ট সময়ের মধ্যে স্বাস্থ্য অধিদপ্তরের অনলাইনের মাধ্যমে আবেদনকারী এবং হার্ডকপি জমা প্রদানকারী কর্মকর্তাদের আবেদন বিবেচনা করা হবে। নির্দিষ্ট সময়ের আগে বা পরে স্বাস্থ্য সেবা বিভাগে এ সংক্রান্ত কোন আবেদন গ্রহণ করা হবে না বিধায় স্বাস্থ্য সেবা বিভাগে এ সংক্রান্ত কোন আবেদন জমা না দেয়ার জন্য অনুরোধ করা হলো।]


২৯/০৩/২০২০
(উক্ত মেলে রেহানা)

উপসচিব

ফোন নং ৯৫৪৯১২৮
per3@hsd.gov.bd

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। পরিচালক (প্রশাসন/এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। অনলাইনে আবেদন গ্রহণের বিষয়ে ১৯/০৩/২০২০ তারিখের মধ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। সিটেম এনালিষ্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয় ও বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। সিটেম এনালিষ্ট, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৭। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৮। যুগ্ম-সচিব (পার) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।